



### রাশিয়ায় ইউক্রেনের ড্রোন হামলায় নিহত ৩



ছবি: সংগৃহীত

রাশিয়ার তুলা অঞ্চলে ইউক্রেনের ড্রোন হামলায় অন্তত তিনজন নিহত এবং আরও তিনজন আহত হয়েছেন। সোমবার (১৫ জুন) স্থানীয় কর্তৃপক্ষ এ তথ্য জানিয়েছে। আঞ্চলিক গভর্নর দিমিত্রি মিলিয়েভ বলেন, রাতের বেলায় তুলা শহরের একটি আবাসিক এলাকায় ড্রোন হামলা চালানো হয়। এতে ঘটনাস্থলেই তিনজনের মৃত্যু হয়। আহতদের মধ্যে এক বছর বয়সী একটি শিশুও রয়েছে।

মস্কো থেকে প্রায় ২০০ কিলোমিটার দক্ষিণে অবস্থিত তুলা সাম্প্রতিক সময়ে ইউক্রেনের হামলার লক্ষ্যবস্তুতে পরিণত হয়েছে। রাশিয়ার দাবি, সীমান্তের বাইরেও বিভিন্ন অঞ্চলে হামলার পরিধি বাড়িয়েছে কিয়েভ।

এর আগে শুক্রবার ব্রায়ানস্ক অঞ্চলের সুজেমকা এলাকায় ইউক্রেনের গোলাবর্ষণে দুই বেসামরিক নাগরিক নিহত হন। ওই ঘটনায় আহত হন আরও দুইজন। একই দিনে তাতারস্তানে ড্রোন হামলায় একটি আবাসিক ভবন ক্ষতিগ্রস্ত হয় এবং তিনজন আহত হওয়ার খবর পাওয়া যায়।

এদিকে ইউক্রেনের ধারাবাহিক হামলার প্রভাবে রাশিয়ার নিয়ন্ত্রণাধীন ক্রিমিয়ায় জ্বালানি সরবরাহে চাপ তৈরি হয়েছে বলে বিভিন্ন সূত্রে জানা গেছে। কয়েকটি এলাকায় পেট্রোল পাম্পে জ্বালানির সংকট দেখা দেওয়ায় রেশনিং ব্যবস্থা চালু করা হয়েছে বলেও খবর প্রকাশিত হয়েছে।

তবে এসব দাবির সঙ্গে একমত নয় মস্কো। রুশ কর্তৃপক্ষ বলেছে, ক্রিমিয়ায় জ্বালানি সরবরাহ স্বাভাবিক রয়েছে এবং সংকটের খবর অতিরঞ্জিত।

রাশিয়া-ইউক্রেন যুদ্ধ দীর্ঘায়িত হওয়ার সঙ্গে সঙ্গে উভয় পক্ষই দূরপাল্লার হামলা জোরদার করেছে। ফলে সামনের সারির বাইরে থাকা অঞ্চলগুলোও এখন সংঘাতের সরাসরি প্রভাবের মুখে পড়ছে।